

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(মূল্য সংযোজন কর)  
বিশেষ আদেশ

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” এর কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান এবং উক্ত ফাউন্ডেশনের সকল প্রকার ক্রয়ের ক্ষেত্রে যোগানদার সেবাকে উৎসে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান।

নং ৪৭/মূসক/২০২৪/৩২৯—যেহেতু, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত অনুদান এবং দেশ/বিদেশের বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দান/অনুদানের মাধ্যমে পরিচালিত হইবে; এবং

যেহেতু, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” একটি অলাভজনক ও সেবা ধর্মী প্রতিষ্ঠান;

সেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” এর কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করিল এবং উক্ত ফাউন্ডেশনের সকল প্রকার ক্রয়ের ক্ষেত্রে যোগানদার সেবাকে উৎসে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিউর রহমান, এসিএমএ  
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৮৯৭৯ )

মূল্য : টাকা ৪.০০